দৈনিক খবর

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ...25 JUL 1988...
পৃষ্ঠা...

## শিক্ষক সমিতি ফেডারেশন কার্যালয় পরিদর্শনে নিতাই রায় চৌধুরী

শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী গত শনিবার (২২শে জুলাই) আকস্মিকভাবে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের কার্যালয় পরিদর্শনে যান এবং ফেডারেশনের নেতৃবৃন্দের সাথে দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিরাজমান বিভিন্ন সমস্যা নিয়ে আলাপ-আলোচনা করেন।

শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, রাষ্ট্রপতি এরশাদ বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের শুধু সভাপতিই নন, তিনি শিক্ষকদের অভিভাবকও। তিনি বলেন, রাষ্ট্রপতি শিক্ষকদের সকল সমস্যা বরাবরই সহানুভূতির সাথে বিবেচনা করেন এবং অতীতের চেয়ে বর্তমানে শিক্ষকগণ অধিক সুবিধা ভোগ করছেন।

জনাব নিতাই রায় চৌধুরী শিক্ষকদেরকে মানুষ গড়ার কারিগর হিসেবে অভিহিত করে বলেন, সমৃদ্ধ ও শিক্ষিত সামাজিক পরিবেশ গড়ে তোলার জন্য শিক্ষাংগনে শিক্ষার উপযুক্ত পরিবেশ বজায় রাখতে হবে। এ ব্যাপারে তিনি শিক্ষকদের এগিয়ে আসার আহবান জানান।তথ্যবিবরণী।